

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## আপীল বিভাগ

স্মারক নং- ১৮২০(১-৬) ২০১৭ এসসি (এডি)

তারিখঃ ০৪/১২/২০১৭ খ্রিঃ

### কোটেশন আহ্বান

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের প্রোগ্রামার জনাব মোহা. আল-ইমদাদ শিকদার এর ব্যবহারের জন্য আসবাবপত্র- ৩টি, আপীল বিভাগের ১নং কোর্টে ব্যবহারের জন্য সেগুন কাঠের চেয়ার (হাতা ওয়ালা)- ২টি তৈরীর নিমিত্ত সরকারী বিধি মোতাবেক তালিকাভুক্ত আমদানীকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছেঃ


### আসবাবপত্রের পরিমাণ নিম্নরূপঃ-

ক্রমিক নং	পণ্যের বিবরণ	পরিমাণ
১।	সেগুন কাঠের চেয়ার (চাকাসহ), (এ, পি, এস এর চেয়ারের নমুনা মোতাবেক)	১টি
২।	সেগুন কাঠের ফুট-রেস্ট	১টি
৩।	স্টীলের ফাইল কেবিনেট (আলাদা লক)	১টি
৪।	সেগুন কাঠের চেয়ার (হাতা ওয়ালা)	২টি

### কোটেশনের শর্তাবলী

- আগামী ১১/১২/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিজ্ঞ অতিরিক্ত রেজিস্ট্রার মহোদয় এর কক্ষে রক্ষিত বাঞ্ছিত কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২ঃ৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাস্তব খোলা হইবে।
- কোটেশনে উক্ত আসবাবপত্রসমূহ ক্রয়ের মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।
- কোটেশনের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।
- কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আসবাবপত্রসমূহ ক্রয়ের তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।
- কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে কোটেশনে উপরে-উল্লেখিত আসবাবপত্রসমূহ ক্রয়ের প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩ (তিন) কপি বিল অত্র অফিসের কোর্ট অফিসার শাখায় দাখিল করিতে হইবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফু-ইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

  
(জেমস্ রিচার্ড ক্রুশ)  
ডেপুটি রেজিস্ট্রার  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

### প্রচারের জন্য অনুলিপিঃ-

- নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
- নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
- বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।